# ডেঙ্গুতে মৃত্যুর সংখ্যা বেড়ে ৪, হাসপাতালে ভর্তি ৮০৩ জন




সংগৃহীত ছবি

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে চারজনের মৃত্যু হয়েছে। চলতি বছরে এ রোগে মৃতের সংখ্যা এখন ২৫৯। স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম বৃহস্পতিবার (২৩ অক্টোবর) এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, মঙ্গলবার সকাল ৮টা থেকে বুধবার সকাল ৮টা পর্যন্ত ৮০৩ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এর মধ্যে ঢাকা মহানগরের হাসপাতালগুলোতে ২৮৫ জন, ঢাকা বিভাগের সিটি করপোরেশনের বাইরে ১৪৭ জন, বরিশাল বিভাগে ১১২ জন, চট্টগ্রাম বিভাগে ৯৭ জন, খুলনা ও ময়মনসিংহ বিভাগে যথাক্রমে ৪৯ জন, রাজশাহী বিভাগে ৩৭ জন এবং রংপুর ও সিলেট বিভাগে যথাক্রমে ১৭ ও ১০ জন ভর্তি হয়েছে।

চলতি বছর এ পর্যন্ত মোট ৬৩,১৭০ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে। বিশেষজ্ঞরা সতর্ক করেছেন যে, পানি জমে থাকা এবং আবহাওয়ার কারণে ডেঙ্গুর পরিস্থিতি এখনও গুরুতর এবং জনগণকে প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করতে হবে।

LENS ASIA